দৈনিক ইনকিলাব

তারিখ 06 MAY 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

22

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ শুরু

দেশব্যাপী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ১৯৯৩ ইতিমধ্যেই শুরু হয়েছে। সংশ্লিষ্ট গণনাকারী ও সুপারভাইজারগণ স্ব-স্ব গণনা এলাকায় স্কুল, কলেজ ও মাদ্রাসায় তথ্য সংগ্রহের কাজ শুরু করেছেন। ৫ মে থেকে ১৮ মে '৯৩ মাদ্রাসার দাখিল পরীক্ষার জন্য মাদ্রাসাগুলো পূর্ব নির্ধারিত ছুটি অনুসারে বন্ধ আছে। সেহেতু উল্লেখিত সময়ে মাদ্রাসাগুলোর জরিপ না করে আগামী ২০ মে হতে তথ্য সংগ্রহের কাজ শুরু করার প্রতি সংশ্লিষ্ট গণনাকারীগণের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

জরিপের পূর্ব প্রস্তুতি হিসেবে প্রতিষ্ঠানের ছবি, শিক্ষক-কর্মচারীদের ছবি, সার্টিফিকেট ইত্যাদি যেন পূর্বাহ্নেই প্রস্তুত রাখা হয়, সে ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানগণকে এ সংবাদ বিজ্ঞপ্তি'র মাধ্যমে অবহিত করা হয়েছে। তথ্য বিবরণী।